দৈনিক
ইনকিলাব

তারিখ ... JUL 03 2006 ...
পৃষ্ঠা ... কলাম ...

# শাবিতে ভিসি নিয়ে টালবাহানা একাডেমিক কার্যক্রমে স্থবিরতা

## বিপাকে পড়েছে সাড়ে ৬ হাজার ছাত্র-ছাত্রী

শাবি সংবাদদাতা

শাহ জালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পদত্যাগকারী ভিসিকে নিয়ে প্রশাসনের টালবাহানা ও ছাত্র আন্দোলনের মুখে শাবি'র একাডেমিক কার্যক্রমে স্তবিরতা দেখা দিয়েছে। ক্যাম্পাস সচলের বিষয়টি মুখ থুবড়ে পড়ে থাকায় প্রায় সাড়ে ছ'হাজার শিক্ষার্থী বিপাকে পড়েছে। শাবি পরিবারের ব্যানারে একদিকে বিএনপি-জামায়াত সমর্থিত প্রশাসন পদত্যাগকারী ভিসি প্রফেসর ডঃ মোসলেহ উদ্দিন আহমেদকে ফিরিয়ে এনে ক্যাম্পাস সচলের চেষ্টা চালাচ্ছে। জোটপন্থী ছাত্র সংগঠনগুলো নেপথ্যে থেকে মদদ দিয়ে যাচ্ছে। অপরদিকে ছাত্রলীগসহ প্রগতিশীল ছাত্র সংগঠনগুলো পদত্যাগকারী ভিসিকে যেকোন মূল্যে প্রতিহত করার ঘোষণা দিয়ে মিছিল-সমাবেশ-সংবাদ সম্মেলনসহ ব্যাপক কর্মসূচী হাতে নিয়েছে। ভিসি প্রফেসর ডঃ মোসলেহ উদ্দিন আহমদ পুনরায় ক্যাম্পাসে ফিরে আসলে লাগাতার ধর্মঘটেরও হুমকি দিয়েছে ছাত্রলীগ। এদিকে গতকালও বিএনপি-জামায়াত সমর্থিত কর্মচারী ইউনিয়ন পদত্যাগকারী ভিসিকে ফিরিয়ে এনে দ্রুত ক্যাম্পাস সচলের দাবীতে মিছিল ও সমাবেশ করেছে।

আজ অফিসার্স এসোসিয়েশন ও কর্মচারী ইউনিয়ন যৌথভাবে এ
ইস্যুতে ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করবে বলে জানা গেছে। বি
ইস্যুতে প্রশাসন ও ছাত্র সংগঠনগুলো কেউ কাউকে ছাড় দিতে রাজি ন
প্রশাসন ও ছাত্র সংগঠনগুলো নিজেদের সিদ্ধান্তে অনড় থাকায় নতুন ভি
নিয়োগ দেয়াও হচ্ছে না আবার পদত্যাগকারী ভিসিকে ফিরিয়ে এ
ক্যাম্পাস সচল করাও সম্ভব হচ্ছে না। এ অবস্থায় ভিসিবিহীন শাবি
প্রশাসনিক স্থবিরতা দেখা দিয়েছে। সকল ধরনের ক্লাস ও পরীক্ষা
রয়েছে. ফাইল আটকা পড়ে থাকায় দাপ্তরিক জটিলতা সৃষ্টি হচ্ছে। এ
করে শাবি'র প্রায় সাড়ে ছ'হাজার শিক্ষার্থীর শিক্ষা জীবন হুমকির ম
পড়েছে। এদিকে বিশ্ববিদ্যালয় অবিলম্বে সচলের দাবীতে সাধা
শিক্ষার্থীরা আন্দোলনে যাবার কর্মসূচী নিলেও ছাত্রদল-ছাত্র শিবি
দৌরাত্ম্যে তা আর সম্ভব হচ্ছে না। ক্যাম্পাসে ছাত্রদল-শিবির যৌথভ
নিয়মিত টহল দিচ্ছে। এ অবস্থায় শাবি'র একাডেমিক কার্যক্রম শু
বিষয়টি অনিশ্চয়তার মুখে পড়েছে। এতে করে শাবি আবারো দীর্ঘমেয়
সেশনজটের কবলে পড়বে বলে সংশ্লিষ্টরা মনে করছেন।